

প্রথম আলো

২৪ নভেম্বর, ২০০২

পৃ. ১৯

শ্রেনীসংখ্যা - ৩৭৮.৫৪৯২

১  
বিশ্ব এইডস দিবস  
ইস্ট ওয়েস্ট বন্ধুসভার  
আলোচনা সভা ও  
সাংস্কৃতিক অনুষ্ঠান

নিজস্ব প্রতিবেদক ●

আগামী ১ ডিসেম্বর বিশ্ব এইডস দিবস। এ উপলক্ষে গতকাল সোমবার ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ইউনিট ইউ মিলনায়তনে দুপুর ১২টায় প্রথম আলো ইস্ট ওয়েস্ট বন্ধুসভা আয়োজন করে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের। এতে অংশ নেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা।

আলোচনা অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভিসি শরিফ পিটু বলেন, এইডস একটা সংক্রামক রোগ। এটা নিরাময় করতে প্রয়োজন সচেতনতা।

প্রথম আলোর উপসম্পাদক আনিসুল হক বলেন, এইডস একটা ঝুঁকিপূর্ণ রোগ। এ থেকে মুক্তির জন্য আমাদের সচেতনতা সৃষ্টি করতে হবে।

এ ছাড়া আরও বক্তব্য দেন সহ-উপাচার্য মুনীর উদ্দিন, পরিচালনা পর্ষদের সভাপতি জালাল উদ্দিন, এনামুল করিম, শিল্পী মাহমুদজ্জামান বাবু।

গতকাল বেলা ১১টায় ছিল বিশ্ব এইডস দিবস উপলক্ষে শোভাযাত্রা ও শপথ স্বাক্ষর অভিযান।

আলোচনা শেষে শুরু হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। এতে গান পরিবেশন করেন প্রতীক হাসান, আব্দুর রাজ্জাক, সাবরিনা চৌধুরী, আরাফাত হোসেন ও নেলসন রোজারিও। অনুষ্ঠানটি উপস্থাপনা করেন ফারজানা খান।

১৯/১১/০২, ২৪/১১/০২, ২১/১১/০২

